তারিখ 07 SEP 2016
পৃষ্ঠা ৬ কলাম ৭

সংবাদ

# শিবপুরের দত্তেরগাঁও সর. প্রা. স্কুলে চালু দুপুরের খাবার

প্রতিনিধি, শিবপুর (নরসিংদী)

নরসিংদীর শিবপুর উপজেলার ৩৩নং দত্তেরগাঁও সরকারি প্রাথমিক বিদ্যালয়ে গত সোমবার দুপুরে বিদ্যালয়ের শিক্ষার্থীদের 'স্কুল ফিডিং' কার্যক্রমের উদ্বোধন করা হয়েছে। এসএমসির সভাপতি মোঃ কলিম উদ্দীন এর সভাপতিত্বে ও প্রধান শিক্ষক বাবু বিপ্লব চন্দ্র দাস এর তত্ত্বাবধানে 'স্কুল ফিডিং' কার্যক্রমের আয়োজন করেন এসএমসি, পিটিএ ও অভিভাবকবৃন্দ। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার মোহাম্মদ আশরাফুল আফসার। বিশেষ অতিথি ছিলেন নরসিংদীর সহকারী জেলা প্রাথমিক শিক্ষা অফিসার মোঃ কফিল উদ্দীন, উপজেলা শিক্ষা অফিসার মাহফুজা খান ইউসুফজী। অন্যদের মধ্যে ছিলেন সহকারী উপজেলা শিক্ষা অফিসার মোঃ আবেদ হোসেন (সংশ্লিষ্ট ক্লাস্টার), মোঃ মাসুদুর রহমান, নূরে আলম, অনিতা পালসহ এসএমসি ও পিটিএ এর সকল সদস্যবৃন্দ, বিদ্যালয়ের সকল শিক্ষক-শিক্ষিকা, শিক্ষার্থীদের অভিভাবক, অধ্যয়নরত শিক্ষার্থীবৃন্দ ও এলাকার গণ্যমাণ্য ব্যক্তি বর্গ। অনুষ্ঠানের শুরুতেই পবিত্র কোরআন তেলাওয়াত করেন অত্র বিদ্যালয়ের ৫ম শ্রেণীর ছাত্র নিজাম উদ্দিন, গীতা পাঠ করেন ৫ম শ্রেণীর ছাত্রী নূপুর রানী সূত্রধর। পরে সংক্ষিপ্ত আলোচনা শেষে শিক্ষার্থীদের মাঝে দুপুরের খাবার বিতরণ করা হয়।